



# দুর্নীতি দমন কমিশন

প্রধান কার্যালয়, ঢাকা।



“সবাই মিলে গড়ব দেশ,  
দুর্নীতি মুক্ত বাংলাদেশ”

স্মারক নং ০০.০১.০০০০.৫০১.০২.০২০.১৭

তারিখ:

বিষয় : বিজ্ঞ আদালতে চার্জশীট গৃহীত হওয়া প্রসঙ্গে।

সূত্র: বন্দর (চট্টগ্রাম) থানা মামলা নং-২৭ তারিখ: ২৬/০৪/২০১৭ খ্রি:।

উপর্যুক্ত বিষয়ে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সূত্রোক্ত মামলার তদন্ত শেষে নিম্নে বর্ণিত আসামিদের বিরুদ্ধে দস্তবিধির ৪০৯/৪২০/৪৬৭/ ৪৬৮/৪৭১/১২০বি/১০৯ তৎসহ ১৯৪৭ সনের দুর্নীতি প্রতিরোধ আইন এর ৫(২) ধারায় বন্দর (চট্টগ্রাম) থানা চার্জশীট নং- ১৫৭ তারিখ: ২০/০৫/২০১৯ দাখিল করা হয়।

ক্র: নং	নাম, পদবী ও ঠিকানা
১।	মোঃ সাইফুর রহমান, রাজস্ব কর্মকর্তা, কাস্টম হাউজ, চট্টগ্রাম (বর্তমানে অবসরপ্রাপ্ত); বর্তমান ঠিকানা: ফ্ল্যাট নং-৪/এ, বাড়ী নং-৩০/এ, রোড নং-১৫, ধানমন্ডি আবাসিক এলাকা, ঢাকা; স্থায়ী ঠিকানা: গ্রাম-নিত্যানন্দপুর, ডাকঘর-সোনাতলা, থানা-সোনাতলা, জেলা-বগুড়া।
২।	মির্জা মোঃ আহসানুজ্জামান, প্রোপ্রাইটর-কিং শিপ শিপিং এজেন্সী, ২১৬, জাকির বিল্ডিং, পিসি রোড, নিমতলা, বন্দর, চট্টগ্রাম; স্থায়ী ঠিকানা: পিতা-মরহুম হাজী মোঃ মুজিবুর রহমান, গ্রাম-শ্যামপুর, ডাকঘর-খেড়িহর, থানা-শাহরাস্তি, জেলা-চাঁদপুর।
৩।	শামীম ইকবাল বিন রেজা, পিতা-রেজাউল হাকীম, বর্তমান ঠিকানা: ফ্ল্যাট নং-৩/সি, বাড়ী নং-১৬/এ, রোড নং-৯/এ, ধানমন্ডি আবাসিক এলাকা, ঢাকা-১২০৫; স্থায়ী ঠিকানা: বাড়ী নং-৭৬, রোড নং-৭, ব্লক-এইচ, বনানী, ঢাকা।
৪।	মোঃ রফিকুল ইসলাম, পিতা-মরহুম মোঃ বাচ্চু মিয়া, মান্দাইল মাদ্রাসা রোড, জিনজিরা, থানা-কেরানীগঞ্জ, জেলা-ঢাকা।

বিজ্ঞ মহানগর সিনিয়র স্পেশাল জজ আদালত, চট্টগ্রাম কর্তৃক গত ১১/০৩/২০২০ তারিখে চার্জশীট আমলে গৃহীত হয়। চার্জশীটে Not sent Up কৃত আসামি (১) সোহরাব হোসেন (এজাহারভুক্ত) ও (২) আশীষ কুমার রায় (তদন্তকালে সন্দেহভাজন হিসেবে গ্রেপ্তারকৃত ও বর্তমানে মৃত) কে মামলার দায় হতে অব্যাহতি প্রদান করা হয়। উক্ত মামলার চার্জশীটে Sent Up কৃত মোট ০৪ (চার) জন আসামির মধ্যে (১) মোঃ সাইফুর রহমান ও (২) মির্জা মোঃ আহসানুজ্জামান বিজ্ঞ আদালতের আদেশে জামিনে আছেন এবং অপর আসামি (১) শামীম ইকবাল বিন রেজা ও (২) মোঃ রফিকুল ইসলাম পলাতক রয়েছেন।

ইহা সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।

স্বাক্ষরিত/

১২/১০/২০২০

মুহাম্মদ দিলোয়ার বখ্ত

সচিব

ফোন: ৯৩৬০১১০

ই-মেইল: secretary@acc.org.bd

মন্ত্রিপরিষদ সচিব

মন্ত্রিপরিষদ বিভাগ

বাংলাদেশ সচিবালয়, ঢাকা

স্মারক নং ০০.০১.০০০০.৫০১.০২.০২০.১৭

২২৯৮৯/৩(৮)

তারিখ: ২৩/১০/২০২০

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হ'ল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)-

- ১। সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। চেয়ারম্যান জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ৩। চেয়ারম্যান এর একান্ত সচিব, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (মাননীয় চেয়ারম্যান মহোদয়ের সানুগ্রহ অবগতির জন্য)।
- ৪। পরিচালক (পর্যবেক্ষণ ও বিশারদ), দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা।
- ✓ ৫। সিস্টেম এনালিস্ট, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৬। ভারপ্রাপ্ত কর্মকর্তা, নিয়ন্ত্রণ কক্ষ, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৭। অফিস কপি।

২৩/১০/২০২০  
স্বাক্ষরিত/

উপপরিচালক (বি. কাম. ও তদন্ত)